1446 200Rs.

INDIA NON JUDICIAL

२००रु. Rs 200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES

Admissible Under Rule 21 and also Art. 5 of the ... Act 1899 ... Exempt ... Act 1959 ... Schedule 1A No 23 ... Fee ... Fee Paid ... in C.R.S.

# 33.50
N / 20
40.70

Notice u/s 267 filed to CA on 2.5.79

Jt. Sub Registrar of Alipore At Behala 7/3/80

মং ৫০০০-০০ টাকা পাঁচ হাজার টাকা পণ মূল্যের
সাফ বিক্রয় কোবালা।

**********************************

কোবালা গ্রহিতা :-

শ্রীমতী ছায়া দাসগুপ্ত স্বামী শ্রী শীতল দাসগুপ্ত, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন ৪৪।১এ, মহারাণী ইন্দিরা দেবী রোড থানা বেহালা, কলিকাতা - ৬০।

কোবালা দাত্রী :-

শ্রীমতী পারুল চ্যাটার্জী স্বামী শ্রী দিলীপ কুমার চ্যাটার্জী জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন ৩ নম্বর রবীন্দ্রনগর মহেন্দ্র ব্যানার্জী রোড, থানা বেহালা, কলিকাতা - ৬০।

কস্য রায়ত স্থিতিবান সূত্রীয় হাল ৪ নং বিধি মতে রায়ত দখলী স্বত্ব

আর যদি এত্র দলিলে ভবিষ্যতে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে

Presented for Registration
at ... on the ... 
day of March 1980
at the Joint Sub Registrar
at Alipore at Behala
by Parul Chatterjee

Executant/Claimant/Attorney

1378 (4)

216/-

Execution is admitted

Parul Chatterjee

Son/Wife of Dilip Kumar Chatterjee

of 3. Rabindra Nagar

Thana Behala

District

By Caste Hindu

By Profession

Jt. Sub Registrar of
Alipore At Behala
7/3/80

563

Identified

Dilip Kumar Chatterjee

Son/Wife of Jyotsna Kumar Chatterjee

of 3. Rabindra Nagar

Thana Behala

District Cal-60

By Caste Hindu

By Profession Service

Jt. Sub Registrar of
Alipore At Behala
7/3/80

10 Rs.




॥২॥

বিশিষ্ট স্বত্বের ২ কাঠা ১০ ছটাক ডাঙ্গা জমি সায় তৎসংলগ্ন বর্ত্ম স্বত্ব ও রাস্তার অপরাপর ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুকের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগণা, থানা বেহালা, সাবরেজেষ্ট্রী জয়েন্ট আলিপুর, বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অধিন পরগণা বালিয়া তৌজি নম্বর ০৪৬ ডুং রেঃ সাঃ নম্বর ৮০ জেঃ এলঃ নম্বর ২, মৌজা বেহালা গ্রামে সাবেক ও হাল ৪০১ নম্বর খতিয়ানে সাবেক ১৬০৫ নম্বর দাগে হাল ১১০০ নম্বর দাগে '৬৪ শতক খেরাজী রায়ত স্থিতিবান স্বত্বীয় জমি জনৈক রামদাস সাউ গত ইং ২৭।৬।১৯৪৬ তারিখে একক্তা রেজেষ্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা মূলে খরিদ করিয়া থাকে ভোগবান ও দখলীকার থাকেন এবং তাহার পরলোকান্তে তাহার স্ত্রী ও পুত্রগণ তৎত্যক্ত উক্ত স্থাবর সম্পত্তি তাহার উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে থাকে ভোগ দখলিকার থাকাকালিন তাহারা উহার পশ্চিম অংশের মাপ সুরত ১৬ কাঠা ৮ ছটাক জমি

আর যদি অত্র দলিলে ভবিষ্যতে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে

1378 (4)
Chhanda Das [illegible]
44/1B. [illegible] Gariahat [illegible]
Cal-60.

Jt. Sub-Registrar of
Alipore At Behala
7/3/80

INDIA

पाँच रुपये　　सत्यमेव जयते　　पाँच रुपये

FIVE RUPEES　भारत　FIVE RUPEES

॥৩॥

জনৈক রামকালী যশোয়ার কে এবং উঁহার পূর্বাংশের বত্রিং মাপ মুরত ১ বিঘা ২কাঠা ২ ছটাক ১০ স্কোয়ার ফুট জমি রতন নামী যশোয়ার কে গত ইং ৫।৮।১৯৫৫ তারিখে পৃথক দুই কেতা রেজেষ্ট্রীকৃত কোবালার দ্বারা বিক্রয় করিয়া দিয়া চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। পরে গত ইং ৬।৬।১৯৬০ তারিখে রতন নামী যশোয়ার একমাত্র পুত্র মনিলাল যশোয়ারকে ওয়ারেশ রাখিয়া পরলোক গমন করেন। পরে মনিলাল যশোয়ার মহাশয়রে নিকট হইতে শ্রীমতী অনুরূপা রায় এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে খরিদ করিয়া খাসে ভোগবতী ও দখলকারিনী থাকেন তাহার উক্ত খরিদা দলিল আলিপুর সাবরেজেষ্ট্রী অফিসে ১ নম্বর বুকে ৪৪নং ভলুমে ৫২ হইতে ৫৮ নম্বর পাতায় ১৪৫৬ নম্বর দলিলে সন ইং ১৯৬৫ তারিখের ২৩।২ তারিখে লিপিবদ্ধ আছে। পরে অত্র কোবালা দাত্রী আমি গত ইংরাজী ১৯।২।১৯৭০ তারিখে অনুরূপা রায় মহাশয়ার খরিদা ২ কাঠা ১০ ছটাক জমি এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে (রেজিষ্ট্রীকৃত) খরিদ করিয়া খাসে ভোগবতী ও দখলকারিনী আছি।

আর যদি অত্র দলিলে ভবিষ্যতে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে

1398(4)
Chhaya Rani Gupta
44/9D Mukta Ram Babu Street ... Cal-60.

Jt. Sub-Registrar of
Alipore At Behala
7/3/80

1R9




॥৪॥

আমার উক্ত খরিদা দলিল বেহালা সাবরেজেস্ট্রী অফিসে ১ নম্বর বুকে ১৫ নং ভলুমে ২০১ হইতে ২০৫ নম্বর পাতায় ৭০৩ নম্বর দলিলে সন ১৯৭৩ সালে লিপিবন্ধ আছে।

এক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণ বশতঃ নগদ টাকার একান্ত আবশ্যক হওয়ায় আমার উক্ত খরিদা ২ কাঠা ১০ ছটাক ডাঙ্গা জমি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি উহা বর্ত্তমান বাজারের সর্ব্বোচ্চ মূল্য বেনযোওগ ৫০০০-০০ টাকা পাঁচ হাজার টাকায় খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করিলে আমি তাহাতে সম্মত ও স্বীকৃত হইয়া গত ইং ১৬।১২।১৯৭৯ তারিখে এককেতা রেজেস্ট্রীকৃত বায়না দলিল মূলে উক্ত পণের অন্দরে ৫০১ টাকা বায়না বাবদ নগদ বুঝিয়া পাইয়া যথারীতি সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিয়াছি।

অদ্য তারিখে উক্ত পণের অবশিষ্ট টাকা নিম্নের জায় মত বুঝিয়া পাইয়া ও উহা আমি প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল যথারীতি সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিয়া এতদ্বারা আমি স্বীকার অঙ্গীকার,

7378(4)
Chhaya Das Gupta.
44/3 A. Mada Rani Indira Devi Rd
Cal-60.

24/7/80

Jt. Sub-Registrar of
Alipore At Behala
7/8/80

প্রচার প্রকাশ ও ঘোষণা করিতেছি যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব দখল হক হকিয়ত ছিল বা আছে তাহা আমা হইতে ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনাতে অর্পিল ও বর্ত্তিল। আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে দান বিক্রয় বন্ধকাদি যাবতীয় হস্তান্তর ও রূপান্তর করণের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি যাবতীয় ওয়ারিশানগণ ও স্থলবর্তীগণক্রমে যদৃচ্ছামত পরম সুখে ভোগ দখল করিতে থাকুন ও থাকুক । উহাতে আমি কিম্বা আমার যাবতীয় ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণ কেহ কস্মিণকালেও কোনও প্রকারে ওজর আপত্তি করিব না বা করিতে পারিবেক না করিলেও তাহা সর্বত্র সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবেক। নিম্ন তপশীল বর্ণিত জমি আমি ইতিপূর্বে কাহাকেও দান, বিক্রয় বন্ধকাদি লিখিত বা মৌখিক বায়নাদি কোনও প্রকারে হস্তান্তর রূপান্তর বা দায়বদ্ধ করি নাই বা উহাতে কোন মাল মোকর্দ্দমা দায়ের নাই ।উহা কোন আদালত হইতে ক্রোকাবদ্ধ বা নিলাম বিক্রয় হয় নাই উহা গভর্ণমেন্ট কর্তৃক একুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা কোন নোটিশ হয় নাই বা পাই নাই। আপনি সরল বিশ্বাসে আমার কথার উপর নির্ভর করিয়া কোন অফিস আদালত সার্চ না করিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিলেন । নিম্ন তপশীল বর্ণিত জমির পশ্চিম দিক দিয়া যে ৮' ফিট রাস্তা আছে তাহার উপর দিয়া অবাধে চলাচল ইলেকট্রিক লাইন টেলিফোনের তার যান বাহন আনা বা লওয়া প্রভৃতি সর্ব্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট সত্বাদি আপনার চিরকালের জন্য অক্ষুন্ন রহিল ও রহিবেক।


যদি আপনার নাম পত্তন কালে আমার কোন সাহায্যের প্রয়োজন হয় তাহা হইলে আমি আপনার খরচায় নাম খারিজ করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক। আর যদি অত্র দলিলে ভবিষ্যতে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে

Jt. Sub-Registrar of
Alipore At Behala
7/3/80

(ORIGINAL)

LAND PLAN FOR SM. CHHYA DASGUPTA. AT MHENDRA BANERJEE ROAD. OF C.S. DAG NO- 1601. RS. DAG NO 1903. CS. & RS. KHATIAN NO. 401. JL NO 2. TOUJI NO 346. MOUZA & PS. BEHALA. DIST- 24 PARGANAS.

SCALE = 20'= 1"NCH. AREA = 2K-10 CH-0 SFT.




DRAWN BY- Banerjee

P.R. BANERJEE.
SURVEYOR & PLAN MAKER.
JOY RAMPUR JALA ROAD.
L.NO.-80. DT-6/3/80.

আমি আপনার খরচায় সংশোধনী দলিল সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক। নিম্নের তপশীলে বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে এবং তদবস্থায় আপনাকে বিক্রয় করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্বা ও দখলচ্যুতা হইলাম এবং অদ্যই আপনার খাস দখলে ছাড়িয়া দিলাম।

উপরোক্ত উক্তি সমূহ যদি ভবিষ্যতে মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পায় তাহা হইলে আমি দেওয়ানী ও ফৌজদারী উভয়বিধ আইনে দায়ীক ও দন্ডনীয় হইব বা হইবেক এবং আপনার যদি কোনরূপ ক্ষতি হয় তাহা হইলে আমি বায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্ষতিপূরণ দিতে বাধ্য রহিলাম ও রহিবেক। আমি একাই মালিক হইতেছি। আমার উপর কোন সরিক বা অংশীদার নাই।

এতদর্থে সুস্থ শরীরে সুজ্ঞানে স্বইচ্ছায় সরল অন্তঃকরনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম সম্যক অবগত হইয়া সাক্ষীগণের সমক্ষে পণের সমুদয় টাকা নিম্নের জায় মতে নগদ বুঝিয়া পাইয়াও উহা আমি প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল যথারীতি সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিলাম। ইতি সন ইং ১৯৮০ সালের ৭ই মার্চ বাংলা সন ১০৮৬ সালের ২৩শে ফাল্গুণ।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি :-

জেলা ২৪ পরগণা থানা বেহালা সাবরেজেস্ট্রী জয়েন্ট আলিপুর , বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অধিন পরগণা বালিয়া তৌজি নম্বর ৩৪৬ ভুক্ত

Jt. Sub-Registrar of
Alipore At Behala
7/8/80

॥৭॥

রে: সা: নম্বর ৮২, জে: এল: নম্বর ২ মৌজা বেহালা গ্রামে সাবেক ও হাল ৪০১ নম্বর খতিয়ানে সাবেক ১৬০৫ নম্বর দাগের হাল ১৯০৩ উনিশশত তিন নম্বর দাগের মধ্যে আমার খরিদা ও বর্ত্তমানে খাস দখলীয় ২ কাঠা ১০ ছটাক দুই কাঠা দশ ছটাক ডাঙ্গা জমি যাহা অত্র দাখিলী প্ল্যানে লাল রংয়ের বর্ডার দ্বারা সীমাবদ্ধ করা রহিল উহাই অত্র কোবালার বিক্রিত সম্পত্তি হইতেছে। অত্র সহ দাখিলী প্ল্যাণ অত্র দলিলের একাংশ বলিয়া সর্ব্বত্র গণ্য হইবেক। উক্ত খতিয়ানের মোট সম্পত্তির বার্ষিক খাজনা ২ টাকা বিক্রিত জমির হারাহারি খাজনা '৬১ পয়সা বর্ত্তমান মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা জেলার কালেকটার বাহাদুর সেরেস্তায় আদায় দিতে হয়। উহার চৌহদ্দি - উত্তরে শ্রীমতী মায়ারাণী মৌলিকের জমি ও বাড়ী, দক্ষিণে - শ্রী দিলীপ কুমার চ্যাটার্জ্জীর জমি বাড়ী, পূর্ব্বে - সুকুমার দাস মোদকের জমি, পশ্চিমে ৮ ' ফুট চওড়া রাস্তা।

তপশীল টাকার জায়।
*****************

পূর্ব্বে ১৬।৩।৭৯ তারিখে রেজেষ্ট্রীকৃত বায়না পত্র মূলে নওয়া অগ্রিম - ৫০১ টাকা
অদ্য তারিখে পণের অবশিষ্টনওয়া - - - - - - - - - - - - - ৪৪৯৯ টাকা
মঃ ৫০০০ টাকা

মোট পাঁচ হাজার টাকা বুঝিয়া পাইলাম।

শ্রীমতী পারুল চ্যাটার্জী

ইসাদী — Santi Prasada Sengupta.
ASBESTOS CEMENT LTD
CAL-24.
[illegible]
45/2 Mansatala Lane
Khiddirpore Cal-23.
Sri Nitai chandra mondal.
32. Goala Para Road, Cal-60.

টাইপকারক —
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা- ২৭।

Regd in

Book No. I

Volume No. 9

Pages 148 to 157

Being No 446

For the year 1980

N 668
01-50
2-10

Jt. Sub-Registrar of
Alipore At Behala
7/10/80

Jt. Sub-Registrar of
Alipore At Behala
18. 6. 80